# ২০২৬ সাল থেকে সড়কপথে হজযাত্রা বন্ধের সিদ্ধান্ত মিশরের



সংগৃহীত ছবি

২০২৬ সাল থেকে স্থায়ীভাবে সড়কপথে হজযাত্রা বন্ধ করতে যাচ্ছে মিশর। সৌদি আরবের অভ্যন্তরীণ পরিবহন নীতিতে পরিবর্তনের ফলে এই সিদ্ধান্ত নিতে হচ্ছে দেশটিকে। ফলে মিশরের হজ ব্যবস্থাপনায় আসছে বড় রদবদল।

মিশর সরকার ২০২৬ সাল থেকে সড়কপথে হজযাত্রা স্থায়ীভাবে বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছে। হজ ব্যবস্থাপনায় এটি দেশটির জন্য একটি গুরুত্বপূর্ণ ও বড় পরিবর্তন বলে মনে করা হচ্ছে। মিশরের পর্যটন চেম্বার ফেডারেশনের সদস্য হামজা আনাবি স্থানীয় সংবাদমাধ্যমকে জানিয়েছেন, সৌদি সরকার তাদের হজ মৌসুমে অভ্যন্তরীণ পরিবহন ব্যবস্থা সম্পূর্ণ নিজস্বভাবে পরিচালনার সিদ্ধান্ত নিয়েছে। এর ফলে বাইরের কোনো যানবাহন—বিশেষ করে মিশরের বাস—সৌদি আরবে প্রবেশ করতে পারবে না।

হামজা আনাবি আরও বলেন, “পবিত্র স্থানসমূহে হাজিদের যাতায়াতে শুধু সৌদি আরবের নিজস্ব পরিবহন ব্যবস্থাই ব্যবহার করা হবে, বাইরের যানবাহনের প্রবেশ নিষিদ্ধ থাকবে।”

এই নতুন নীতির কারণে মিশরের হজ কর্মসূচিগুলোতে পরিবর্তন আনতে হচ্ছে। হজ খরচ যেন সাধারণ মানুষের নাগালের মধ্যে থাকে এবং সেবার মান যেন বজায় থাকে, সেজন্য সরকার ও পর্যটন ফেডারেশন একসঙ্গে কাজ করছে। তিনি জানান, ২০২৬ সালের হজ মৌসুমের জন্য সংশ্লিষ্ট দপ্তরগুলো মিলে শিগগিরই নতুন নির্দেশিকা প্রকাশ করবে।